**<u>প্রেস নোট</u>** তারিখ: ০৪ মার্চ, ২০১৮

বরেণ্য শিক্ষাবিদ, লেখক ও গবেষক প্রফেসর ড. মুহম্মদ জাফর ইকবাল-এর উপর ন্যাক্কারজনক সন্ত্রাসী হামলার প্রতিবাদে আজ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় সিলেট-এ সকাল ১১ টায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্মকর্তা কর্মচারী ঐক্য পরিষদ এর উদ্যেগে বিশাল মানববন্ধনের আয়োজন করা হয়। এতে সর্বস্থরের কর্মকর্তা কর্মচারীরা অংশগ্রহন করেন।

মানববন্ধন শেষে প্রশাসন ভবনের সামনে সমাবেশে ভারপ্রাপ্ত ভাইস চ্যান্সেলর ও কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো. ইলিয়াস উদ্দীন বিশ্বাস বলেন, এই বিশ্ববিদ্যালয়ে গর্বের ব্যাক্তিত্ব প্রিয় ড. মুহম্মদ জাফর ইকবাল স্যারের উপর হামলায় আমরা বিশ্ববিদ্যালয় পরিবার শোকাহত। অবিলম্বে হামলাকারী ও হামলার পরিকল্পনাকারীদের দৃষ্ঠান্তমূলক শাস্তির ব্যবস্থা করতে হবে।

অফিসার্স এসোসিয়েসনের সাধারণ সম্পাদক জনাব শাহীন আহমদ চৌধুরী এর সঞ্চালনায় এসময় বক্তব্য রাখেন অফিসার্স এসোসিয়েসন ও কর্মকর্তা-কর্মচারী ঐক্য পরিষদের সভাপতি ড. খন্দকার মোমিনুল হক, সহায়ক সমিতির সভাপতি জনাব মো. আব্দুর রউফ, পরিবহন সহায়ক সমিতির আহবায়ক জনাব মো. মোসলে উদ্দিন রানা, কর্মচারী ইউনিয়নের সভাপতি জনাব মো. বিল্লাল মিয়া।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন রেজিস্ট্রার জনাব মুহাম্মদ ইশফাকুল হোসেন, কলেজ পরিদর্শক জনাব প্রদীপ কুমার বসাক, হিসাব পরিচালক জনাব আ.ন.ম. জয়নাল আবেদিন, পরীক্ষা নিয়ন্ত্রক জনাব মো. মুজিবুর রহমান, লাইব্রেরীয়ান জনাব মো. আব্দুল হাই ছামেনী প্রমুখ।

(ড. খন্দকার মুমিনুল হক)
সভাপতি
কর্মকর্তা কর্মচারী ঐক্য পরিষদ
শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট